গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhatpourashavabd.com
সভা নং- "৬৬"

**এপ্রিল/২০২৬ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:**

সভাপতি : উত্তম কুমার রায়, প্রশাসক, জয়পুরহাট পৌরসভা
সভার স্থান : প্রশাসকের অফিস কক্ষ।
তারিখ : ২২ এপ্রিল/২০২৬।
রোজ : বুধবার।
সময় : বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়।

| ক্র. ন. | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ | মার্চ ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন প্রকার সংশোধনী আছে কি না সে বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | মার্চ ২০২৬ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা ও সংশ্লিষ্ট বিভাগ/ শাখা প্রধানগণ জয়পুরহাট পৌরসভা। |
| ০২ | বিগত মাসের মাসিক আয় ও ব্যয় পর্যালোচনা ও অনুমোদন। | মার্চ ২০২৬ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক সভায় উপস্থাপন করা হয় । | মার্চ ২০২৬ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণীতে ব্যয়ের খাত সমূহের পরিশোধকৃত বিল সমূহ ও আয়ের হিসাব সঠিক থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। (পরিশিষ্ট "খ") | প্রধান নির্বাহী কর্মকর্তা ও সংশ্লিষ্ট বিভাগ/ শাখা প্রধানগণ জয়পুরহাট পৌরসভা। |
| ০৩ | জয়পুরহাট পৌরসভার উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা । | সভাপতির অনুমতিক্রমে উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) সভায় জানান যে, পৌরসভার চলমান প্রকল্পগুলোর মধ্যে<br>১। লোকাল গভর্মেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকোভারী প্রকল্পের অধীনে স্পেশাল বরাদ্দের আওতায় ০৪ (চার) টি প্যাকেজের কাজের সাইট ঠিকাদারগণ বুঝিয়ে নিয়েছেন। চলমান কাজের অগ্রগতি ৩০%<br>২। আরইউটিডিপি প্রকল্পের ০১ (এক) টি প্যাকেজের অধীনে ০৪ (চার) টি স্কিমের কাজ চলমান রয়েছে যার অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। অগ্রগতি ৩০% । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্পগুলো প্রকল্প অফিসের নির্দেশনা অনুযায়ী যথাযথ মান বজায় রেখে নির্ধারিত সময়সীমা অনুযায়ী সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। পৌরসভার প্রকৌশলীগণ নিয়মিত কাজগুলোর সরেজমিনে তদারকি করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |
| ৪ | পবিত্র ঈদ-উল অযাহা উপলক্ষ্যে ঈদগাহ মাঠ সুসজ্জিত করণ ও তোরণ নির্মাণ প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে আগামী পবিত্র ঈদ-উল আযাহা উপলক্ষে পৌর এলাকার ঈদগাহ মাঠ সুসজ্জিত করণ ও সংস্কার করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আগামী পবিত্র ঈদ-উল আযাহা উপলক্ষে পৌর এলাকার ঈদগাহ মাঠ সুসজ্জিত করণ ও সংস্কার দরপত্র আহবানের মাধ্যমে করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |
| ৫ | বিবিধ: ক) জয়পুরহাট পৌরসভার লাশবাহী গাড়ি,ট্রাক্টর ও ডাবল কেবিন গাড়ি মেরামত প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভার ব্যবহৃত লাশবাহী গাড়ি, ট্রাক্টর ও ডাবল কেবিন গাড়ি সমূহ দীর্ঘদিন ব্যবহারের ফলে নষ্ট হওয়ায় মেরামত করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার ব্যবহৃত লাশবাহী গাড়ি, ট্রাক্টর ও ডাবল কেবিন গাড়ি সমূহ যা দরপত্র আহবানের মাধ্যমে মেরামত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | খ) কম্পিউটার ক্রয় প্রসঙ্গে। | অত্রাফিসের সাধারণ শাখা, বাজার শাখা ও কঞ্জারভেন্সী শাখার অফিসিয়াল কাজের জন্য কম্পিউটার প্রয়োজন মর্মে আবেদন পাওয়া গিয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পৌরসভার অফিসিয়াল কাজের স্বার্থে সাধারণ শাখা, বাজার শাখা ও কঞ্জারভেন্সী শাখা জরুরি ভিত্তিতে তিনটি কম্পিউটার সেট দরপত্র আহবানের মাধ্যমে ক্রয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |
| | গ) নতুন ১০ টি র‍্যাক ক্রয় ও ২৫ টি পুরাতন আলমারি মেরামত/রং করণ প্রসঙ্গে। | নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, অত্রাফিসের বিভিন্ন শাখার প্রয়োজনে নতুন ১০ টি র‍্যাক ক্রয় ও ২৫টি পুরাতন আলমারি মেরামতসহ রং করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | অত্রাফিসের বিভিন্ন শাখার প্রয়োজনে নতুন ১০ টি র‍্যাক ক্রয় ও ২৫টি পুরাতন আলমারি মেরামতসহ রং করার লক্ষ্যে দরপত্র আহবানের মাধ্যমে কাজ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |
| | ঘ) নিয়মিত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের বকেয়া আনুতোষিক প্রসঙ্গে। | সভাপতির অনুমতিক্রমে নিয়মিত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের বকেয়া আনুতোষিক প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | নিয়মিত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের বকেয়ার ৫০% আনুতোষিক প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। |
| | ঙ) দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের বেতন বৃদ্ধি প্রসঙ্গে। | সভাপতি সভায় জানান যে, অত্রাফিসের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীগণ বেতন বৃদ্ধির জন্য আবেদন করলে বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | অত্রাফিসের দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীগণ বেতন বৃদ্ধির আবেদনের প্রেক্ষিত পর্যালোচনা অন্তে বেতন বৃদ্ধি করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। |
| | চ) দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারী ও পরিচ্ছন্নকর্মী,ঝাড়ুদার,সুইপারদের সাহায্য প্রদান প্রসঙ্গে। | সভাপতি অনুমতিক্রমে কঞ্জারভেন্সী ইন্সপেক্টর সভায় জানান যে, আগামী পবিত্র ঈদুল আযহা উপলক্ষে দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারী ও পরিচ্ছন্ন কর্মী,ঝাড়ুদার,সুইপারগণ আর্থিক সাহায্য জন্য আবেদন করেন । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো। | আগামী পবিত্র ঈদুল আযহা উপলক্ষে দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারী ও পরিচ্ছন্ন কর্মী,ঝাড়ুদার,সুইপারগণ এর আর্থিক সাহায্যর আবেদনের প্রেক্ষিতে নিম্মোক্তভাবে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>১. দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারী ও পরিচ্ছন্নকর্মীর প্রতিজন কে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা আর্থিক সাহায্য দেওয়ার সিদ্ধান্ত হয়।<br>২. ,ঝাড়ুদার ও সুইপারদের প্রতিজন কে ২,৭০০/- (দুই হাজার সাতশত) টাকা আর্থিক সাহায্য দেওয়ার সিদ্ধান্ত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। |
| | ছ) গাছ লাগানো প্রসঙ্গে। | সভাপতি সভায় জানান যে, সরকারী সিদ্ধান্ত মতে সমগ্র পৌর এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষাসহ শহরের সুন্দয বর্ধনের জন্য পৌরসভার ০৯ টি ওয়ার্ডে ১০০০ (এক হাজার) টি চারা লাগানো প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সরকারী সিদ্ধান্ত মতে সমগ্র পৌর এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষা ও শহরের সুন্দয বর্ধনের জন্য ১০০০ (এক হাজার) টি গাছ লাগানোর নির্দেশনা মতে ইতোমধ্যে বিভিন্ন স্থানে ২৫০ (দুইশত পঞ্চাশ) টি চারা রোপন করা হয়েছে। অবশিষ্ট ৭৫০ (সাতশত পঞ্চাশ) টি চারা দরপত্র আহঝানের মাধ্যেমে রোপনের সিধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |
| | জ) ব্লিচিং পাউডার ক্রয় প্রসঙ্গে। | সভাপতি সভায় জানান যে, আসন্ন পবিত্র ঈদুল আযহা দিন কুরবানী বর্জ্য অপসারণের কাজে ব্যবহারসহ ও অন্যান্য কাজে প্রয়োজন হওয়ায় ৪০০(চারশত) কেজি ব্লিচিং পাউডার ক্রয় করা প্রয়োজন । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আসন্ন ঈদুল আযহা দিন কুরবানী বর্জ্য অপসারণের কাজে ব্যবহারসহ ও অন্যান্য কাজে ব্লিচিং পাউডার প্রয়োজন হওয়ায় ৪০০ (চারশত) কেজি ব্লিচিং পাউডার দরপত্র আহঝানের মাধ্যেমে ক্রয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |
| | ঝ) ১ মে/২০২৬ শ্রমিক দিবস উপলক্ষ্যে বিভিন্ন সংগঠন কর্তৃক সাহায্যের প্রাপ্ত আবেদন বিষয়ে আলোচনা। | সভাপতি সভায় জানান যে, ১ মে/২০২৬ শ্রমিক দিবস উপলক্ষ্যে বিভিন্ন সংগঠন কর্তৃক মোট ১৮ (আঠারো) টি সাহায্যের আবেদন পাওয়া যায় । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১ মে/২০২৬ শ্রমিক দিবস উপলক্ষ্যে বিভিন্ন সংগঠন কর্তৃক প্রাপ্ত ১৮ (আঠারো) টি আবেদনের মধ্যে ১৫ (পনেরো) জন আবেদন কারীকে ১৫০০ (এক হাজার পাঁচশত) ও তিন জন আবেদনকারীকে ৫০০০ (পাঁচ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। |
| | ঞ) পবিত্র ঈদুল আযহা দিন কুরবানীর পশুর বর্জ্য অপসারণ কাজে নিয়জিত দৈনিক হাজিরা ভিত্তিক পরিচ্ছন্নকর্মীদের দুপুরের খাবার বাবদ অর্থ প্রদান প্রসঙ্গে। | সভাপতি সভায় জানান যে, পবিত্র ঈদুল আযহা দিন কুরবানীর পশুর বর্জ্য অপসারণ কাজে নিয়জিত দৈনিক হাজিরা ভিত্তিক পরিচ্ছন্নকর্মীদের অতিরিক্ত পারিশ্রমিকের জন্য দুপুরের খাবার বাবদ অর্থ প্রদান করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পবিত্র ঈদুল আযহা দিন কুরবানীর পশুর বর্জ্য অপসারণ কাজে নিয়জিত দৈনিক হাজিরা ভিত্তিক পরিচ্ছন্নকর্মীদের অতিরিক্ত পারিশ্রমিকের জন্য দুপুরের খাবার বাবদ জনপ্রতি ৫০০ (পাঁচশত) টাকা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | চ) নতুনহাট গোহাটি সহ বাজার ইজারা প্রদান প্রসঙ্গে। | নতুনহাট ও বাজার বাংলা ১৪৩৩ সনের এর ইজারাদার মেসার্স চমক এন্টারপ্রাইজ এর প্রোপাইটার এস এম সামস মতিন, সদর রোড জয়পুরহাট ইজারা মূল্যের অবশিষ্ট অর্থ ভ্যাট ও আয়কর কিস্তিতে পরিশোধের জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন করলে অত্র পৌরসভা থেকে তার জবাব প্রেরণ করা হয় এবং পরবর্তীতে বিষয়টি নিষ্পত্তি হয়। তিনি সর্বোচ্চ দরদাতা হওয়ায় তাকে হাট বাজারের অবশিষ্ট সমুদয় অর্থ এককালীন জমা প্রদানপূর্বক নতুনহাট গোহাটিসহ বাজার ইজারাদারকে বুঝিয়ে দেয়ার বিষয়ে হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি নিয়ে মাসিক সভায় আলোচনা করা হলে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | বাংলা ১৪৩৩ সনের ইজারাদার মেসার্স চমক এন্টারপ্রাইজ এর প্রোপাইটার এস এম সামস মতিন, সদর রোড জয়পুরহাটকে হাট বাজারের ইজারা মূল্যের অবশিষ্ট অর্থসহ ভ্যাট ও আয়কর এককালীন জমা প্রদানপূর্বক ইজারাদারকে নতুনহাট গোহাটিসহ বাজার বুঝিয়ে দেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২।০৪।২৬

(উত্তম কুমার রায়)
প্রশাসক
ও
সভাপতি
প্রশাসকের কর্মসম্পাদনে গঠিত সহায়তা কমিটি
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং: জপৌস/সাধা/১ (০৭)২/২০২৬/ ৭৪০(২৫)

তারিখ: ৯ বৈশাখ ১৪৩৩ / ২২এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
৩। পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনের সহায়তা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ (সকল)।
৪। নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা।
৫। সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৭। প্রশাসনিক কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৮। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা।
৯। বিভাগ/শাখা প্রধান (সকল), জয়পুরহাট পৌরসভা।
১০। দপ্তর নথি

২২/৪/২০২৬

(মো: আশিক খান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জয়পুরহাট পৌরসভা।